

ভারত-পাকিস্তানের পাল্টাপাল্টি হামলায় - বিভিন্ন এয়ারলাইন্সের রুট পরিবর্তন

- A Monitor Desk Report

Date: 07 May, 2025



ঢাকাঃ ভারত ও পাকিস্তানের পাল্টাপাল্টি হামলার কারণে ইউরোপগামী অনেক ফ্লাইটের রুট পরিবর্তন বা বাতিল করেছে এয়ারলাইন্স গুলো।

দুই প্রতিবেশী দেশের এয়ারলাইন্স সংস্থাগুলোসহ আন্তর্জাতিক কয়েকটি উড়োজাহাজ সংস্থা তাদের ফ্লাইট বাতিল করেছে অথবা গন্তব্য পাল্টেছে।

বেশ কয়েকটি ভারতীয় উড়োজাহাজ সংস্থা ভারত—নিয়ন্ত্রিত জম্মু ও কাশ্মীরে তাদের ফ্লাইট চলাচল বন্ধ ঘোষণা করেছে। রাজস্থান, পাঞ্জাবসহ সীমান্তবর্তী কয়েকটি নগরীতেও উড়োজাহাজ চলাচল বাতিল করা হয়েছে।

স্পাইসজেট বলেছে, ধর্মশালা, লেহ, জম্মু, শ্রীনগর, অমৃতসরসহ ভারতের উত্তরাঞ্চলের বেশ কিছু অংশে বিমানবন্দর বন্ধ করে দেওয়া হয়েছে। ওই সব গন্তব্য থেকে তাদের ফ্লাইট চলাচলে এর প্রভাব পড়েছে।

ইন্ডিগো এয়ারলাইন্স সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে এক পোস্টে বলেছে, পরিবর্তিত পরিস্থিতির কারণে ওই সব নগর থেকে তাদের ফ্লাইট চলাচল প্রভাবিত হয়েছে।

এয়ার ইন্ডিয়া স্থানীয় সময় আজ বুধবার দুপুর পর্যন্ত জম্মু, শ্রীনগর, লেহ, যোধপুর, অমৃতসর, ভুজ, জামনগর, চণ্ডীগড় ও রাজকোটে চলাচল করা তাদের সব ফ্লাইট বাতিল করেছে।

এদিকে, পাকিস্তানের কর্তৃপক্ষ লাহোর, করাচিসহ তাদের কয়েকটি বড় শহরের আকাশসীমা বন্ধ ঘোষণা করেছে।

ইসলামাবাদ আন্তর্জাতিক বিমানবন্দরসহ পাকিস্তানের বড় কয়েকটি বিমানবন্দর বন্ধ করে দেওয়া হয়েছে।

তাইওয়ানের ইভা এয়ার জানিয়েছে, নিরাপত্তাজনিত কারণে ভারত ও পাকিস্তানের সংঘাতপূর্ণ অঞ্চল এড়িয়ে চলার জন্য নতুন করে রুট নির্ধারণ করছে ইউরোপগামী ও ইউরোপ ফেরত ফ্লাইটগুলো।

সংস্থাটি আরও জানায়, ভিয়েনা থেকে ছেড়ে যাওয়া একটি ফ্লাইটকে আবার সেখানেই ফিরিয়ে নেওয়া হচ্ছে এবং তাইপেই থেকে মিলানগামী একটি ফ্লাইট ভিয়েনায় গিয়ে জ্বালানি নিয়ে গন্তব্যে রওনা দেবে।

দক্ষিণ কোরিয়ার কোরিয়ান এয়ার জানিয়েছে, তারা সিওল থেকে দুবাইগামী ফ্লাইটের রুট পরিবর্তন করেছে। তারা এখন পাকিস্তানের আকাশের পরিবর্তে মিয়ানমার, বাংলাদেশ ও ভারতের ওপর দিয়ে চলবে।

থাই এয়ারওয়েজ জানিয়েছে, ইউরোপ ও দক্ষিণ এশিয়াগামী ফ্লাইটগুলো আজ বুধবার ভোর থেকে নতুন রুটে যাচ্ছে। এতে কিছু ফ্লাইটে দেরি হতে পারে বলে সতর্ক করেছে তারা।

ভিয়েতনাম এয়ারলাইন্স জানিয়েছে, ভারত-পাকিস্তান উত্তেজনার কারণে তাদের ফ্লাইট পরিকল্পনা বাধাগ্রস্ত হয়েছে এবং রিরাউটিং সংক্রান্ত বিস্তারিত সময়সূচি পরে জানানো হবে।

তাইওয়ানের চায়না এয়ারলাইন্স জানিয়েছে, চলমান প্রেক্ষাপটে যাত্রী ও ক্রুদের নিরাপত্তা নিশ্চিত করতে তারা জরুরি পরিকল্পনা করছে। তবে তারা এখনও বিস্তারিত কিছু জানায়নি।

এছাড়া, কাতার এয়ারওয়েজও পরবর্তী ৪৮ ঘণ্টার জন্য পাকিস্তানে ফ্লাইট চলাচল স্থগিত করেছে।

মার্কিন সম্প্রচারমাধ্যমকে এয়ার ফ্রান্স বলেছে, পরবর্তী নোটিশ না দেওয়া পর্যন্ত পাকিস্তানের ওপর দিয়ে তাদের সব ফ্লাইট চলাচল স্থগিত থাকবে। নির্দিষ্ট কয়েকটি গন্তব্যে ফ্লাইট চলাচলের সূচি ও পরিকল্পনা সামঞ্জস্য করার কথাও জানিয়েছে তারা।

জার্মান উড়োজাহাজ সংস্থা লুফথান্সা বলেছে, পরবর্তী নোটিশ না দেওয়া পর্যন্ত তাদের উড়োজাহাজগুলো পাকিস্তানের আকাশসীমা এড়িয়ে চলবে।

প্রসঙ্গত, মঙ্গলবার (৬ মে)রাতে পাকিস্তানের ৯টি জায়গায় ‘অপারেশন সিন্দুর’ অভিযান নামে ক্ষেপণাস্র হামলা চালিয়েছে ভারত। হামলায় পাকিস্তানে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৮ জনে।

ভারতের হামলার জবাবে দেশটির ৫টি যুদ্ধবিমান ভূপাতিত করার দাবি করেছেন পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ। এছাড়া কয়েকজন ভারতীয় সেনাকে যুদ্ধবন্দি হিসেবে আটকের দাবিও করেছেন তিনি।

এদিকে, ভারতীয় সেনাবাহিনী বলেছে, পাকিস্তানি বাহিনীর গোলাবর্ষণে ৩জন বেসামরিক নাগরিক প্রাণ হারিয়েছেন।

-B